

# ANNUAL REPORT 2000



জালালাবাদ গ্যাস

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ  
JALALABAD GAS TRANSMISSION AND DISTRIBUTION SYSTEM LTD.



# ANNUAL REPORT

১৪তম বার্ষিক সাধারণ সভা  
১৯৯৯-২০০০

14th Annual General Meeting  
1999-2000



জালালাবাদ গ্যাস

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ  
JALALABAD GAS TRANSMISSION AND DISTRIBUTION SYSTEM LTD.



## সূচী পত্র


বাংলাদেশের সঞ্চালন লাইন ও গ্যাস ক্ষেত্র	৩
জালালাবাদ গ্যাস অধিকারভুক্ত এলাকা	৪
বাণী	৫-৮
১৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি	৯
পরিচালক পর্ষদ	১০-১১
প্রধান অফিস ভবন উদ্বোধনী অনুষ্ঠান	১২
পরিচালক পর্ষদের প্রতিবেদন	১৩-২৭
নিরীক্ষকের প্রতিবেদন	২৮
হিসাবের নীতিমালা	২৯-৩১
আয় প্রতিবেদন	৩২
স্থিতিপত্র	৩৩
তহবিলের উৎস	৩৪
অনুপাত বিশ্লেষণ	৩৫
হিসাব সংক্রান্ত টিকা	৩৬-৪৯
গ্রাফ ও চার্ট	৫০-৫৬

## Contents

Transmission Lines and Gas Fields of Bangladesh	3
Jalalabad Gas Franchise Area	4
Message	5-8
Notice of the 14th Annual General Meeting	9
Board of Directors	10-11
Inagural Ceremony of Head Office Building	12
Report of the Board of Directors	13-27
Auditors Report	28
Principal Accounting Policies	29-31
Income Statement	32
Balance Sheet	33
Fund Flow Statement	34
Ratio Analysis	35
Notes to the Financial Statement	36-49
Graphs and Charts	50-56



## Transmission Gas Lines & Gas Fields of Bangladesh





## Jalalabad Gas Franchise Area





প্রতিমন্ত্রী  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



State Minister  
Ministry of Energy & Mineral Resources  
Government of the People's Republic  
of Bangladesh



## বাণী

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর চতুর্দশ বার্ষিক সাধারণ সভা উপলক্ষে কোম্পানীর ১৯৯৯-২০০০ অর্থ বৎসরের সম্পাদিত আর্থিক উন্নয়ন ও সার্বিক কর্মকাণ্ডের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগকে আমি স্বাগত জানাই।


প্রাকৃতিক গ্যাস আমাদের অমূল্য জাতীয় সম্পদ। প্রাকৃতিক গ্যাস ও খনিজ সম্পদের সম্ভার আমাদের দেশকে একটি সম্ভাবনাময়ী দেশে পরিণত করেছে। মহান মুক্তিযুদ্ধে নেতৃত্বদানকারী বর্তমান সরকার দেশের প্রাকৃতিক সম্পদের সৃষ্টি ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার কাজে নিয়োজিত রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল ও বুদ্ধিদীপ্ত নেতৃত্বের ফলে আমাদের দেশ এখন বিশ্ব অর্থনৈতিক পরিমণ্ডলে সম্মানজনক স্থান লাভ করেছে।

জাতীয় অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে বৃহত্তর সিলেট অঞ্চলে সৃষ্টি ও নিয়ন্ত্রিত উপায়ে গ্যাস সঞ্চালন এবং বিতরণের মাধ্যমে জালালাবাদ গ্যাস দেশের জ্বালানী আমদানীর উপর নির্ভরশীলতা হ্রাস ও মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছে। আমি আশাকরি জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় দলমত নির্বিশেষে মাননীয় প্রধানমন্ত্রীর উদাত্ত আহ্বানে অঙ্গীকারাবদ্ধ হয়ে দেশ গঠনে অধিকতর তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবেন।

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড এর বার্ষিক সাধারণ সভা উপলক্ষে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন। আমি এ কোম্পানীর উত্তরোত্তর সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,

বাংলাদেশ চিরজীবী হোক।

  
(অধ্যাপক রফিকুল ইসলাম)





সচিব

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




## বাণী

প্রাকৃতিক গ্যাসের সুনিয়ন্ত্রিত সঞ্চালন ও বিতরণ কাজে নিয়োজিত প্রতিষ্ঠান জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর ১৯৯৯-২০০০ সালের সার্বিক কর্মকাণ্ডের স্মারক হিসাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

আমাদের মত উন্নয়নশীল দেশে বাণিজ্যিক জ্বালানী হিসাবে প্রাকৃতিক গ্যাসের বিকল্প নেই। পেট্রোবাংলার অন্যতম অঙ্গ প্রতিষ্ঠান কোম্পানী জালালাবাদ গ্যাস দেশের উত্তর-পূর্বাঞ্চলে প্রাকৃতিক গ্যাসে সমৃদ্ধ সিলেট বিভাগের গৃহস্থালী, কৃষি, শিল্প ও বাণিজ্যিকসহ অন্যান্য ক্ষেত্রে জ্বালানীর উৎস। তাছাড়া তাদের সরবরাহকৃত গ্যাস বিদ্যুৎ উৎপাদন ও সার কারখানার কাঁচামাল হিসেবে ব্যবহৃত হচ্ছে। গ্যাসের ক্রমবর্ধমান চাহিদা পূরণের মাধ্যমে আমদানীকৃত তেলের উপর নির্ভরতা হ্রাস কল্পে এই কোম্পানী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কোম্পানীতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের শ্রম ও সেবার যথার্থ প্রয়োগের মাধ্যমে গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার গুরু দায়িত্ব সফলভাবে পালন করতে সক্ষম বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড-এর চতুর্দশ বার্ষিক প্রতিবেদন প্রকাশনা লগ্নে আমি এর কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন।

আমি এ কোম্পানীর উত্তরোত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করি।

  
(এম. আকমল হোসেইন)



চেয়ারম্যান  
Chairman



বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন  
(পেট্রোবাংলা)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation  
(Petrobangla)




## বাণী

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর চতুর্দশ বার্ষিক সাধারণ সভা ১৯৯৯-২০০০ উপলক্ষে প্রতিবেদন প্রকাশনার উদ্যোগ প্রশংসনীয়। এই প্রতিবেদনে আলোচ্য অর্থ বৎসরে কোম্পানীর আর্থিক, কারিগরী ও বাণিজ্যিক কার্যক্রমের পরিসংখ্যান ও তথ্য কোম্পানীর কার্যক্রমকে পরিস্ফুট করতে সহায়ক ভূমিকা পালন করবে।

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড প্রতিষ্ঠালগ্ন হতেই একটি লাভজনক কোম্পানী হিসেবে এর আওতাভুক্ত এলাকায় নির্ভরযোগ্য পরিচ্ছন্ন ও পরিবেশ উপযোগী প্রাকৃতিক গ্যাস সরবরাহ করে আসছে। নানা প্রতিকূল পরিবেশেও বৃহত্তর সিলেট অঞ্চলে বিদ্যুৎ সারকারখানা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ গ্রাহকবৃন্দকে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ অক্ষুণ্ণ রেখে জালালাবাদ গ্যাস জ্বালানী খাতে একটি বিশেষ ভূমিকা পালন করছে। এ প্রতিষ্ঠানের অব্যাহত সাফল্য ও অগ্রগতিতে এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, তাদের গৌরবোজ্জ্বল ভূমিকা অক্ষুণ্ণ রেখে, আগামীতে কোম্পানীকে সমৃদ্ধির পথে অগ্রগামী করবে, এ আশা করা যায়।

আমি ১৯৯৯-২০০০ অর্থ বৎসরের বার্ষিক সাধারণ সভার সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

  
(মোঃ মোশারফ হোসেন)





ব্যবস্থাপনা পরিচালক

জালালাবাদ গ্যাস টি গ্র্যান্ড ডি সিস্টেম লিমিটেড




## কৃতজ্ঞতা স্বীকার

পেট্রোবাংলার অন্যতম কোম্পানী হিসাবে জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর চতুর্দশ বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ১৯৯৯-২০০০ অর্থ বৎসরের আয়-ব্যয় এবং সমস্যা ও সম্ভাবনার নির্দেশনা সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত।

প্রাকৃতিক গ্যাস আমাদের জন্য সর্বশক্তিমান আল্লাহর অশেষ রহমত। প্রাকৃতিক গ্যাসের ক্রমবর্ধমান আবিষ্কার ও ব্যবহার বাংলাদেশকে বিশ্ব অর্থনীতিতে সম্মানজনক স্থান করে দিয়েছে। প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ হযরত শাহজালাল (রহঃ)-এর পুণ্যভূমি সিলেট বিভাগের প্রত্যন্ত অঞ্চলে গ্যাস নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে এ কোম্পানী আবাসিক, বাণিজ্যিক, বিদ্যুৎ, সার এবং অন্যান্য শিল্প কারখানায় সুষ্ঠু ও সুনিয়ন্ত্রিত উপায়ে গ্যাস সরবরাহ করে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। আলোচ্য অর্থ বৎসরেও কোম্পানী প্রায় ৪৪ কিঃ মিঃ পাইপ লাইন স্থাপন করে মোট ৪,৯২৬টি বিভিন্ন শ্রেণীর গ্রাহককে গ্যাস সরবরাহের আওতায় এনেছে এবং সিস্টেম লস নিয়ন্ত্রণের ক্ষেত্রে প্রশংসনীয় ভূমিকা অব্যাহত রেখেছে। দেশের অন্যতম রপ্তানীপণ্য চা প্রক্রিয়াজাতকরণে জ্বালানী হিসাবে গ্যাস সরবরাহ করে বৈদেশিক মুদ্রা অর্জনেও জালালাবাদ গ্যাস গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। এছাড়া ছাতক অঞ্চলে সরকারী ও বেসরকারী উদ্যোগে সার ও সিমেন্ট কারখানা স্থাপনের উদ্যোগের প্রেক্ষিতে কোম্পানীর গ্যাস বিপণন কার্যক্রম ও রাজস্ব আয় অনেকাংশে বৃদ্ধির এক উজ্জ্বল সম্ভাবনার সৃষ্টি হয়েছে।

কোম্পানীর সার্বিক উন্নয়নে মূল্যবান সহযোগিতা প্রদান করায় বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, পেট্রোবাংলা এবং সকল ঋণদাতা সংস্থা ও প্রতিষ্ঠানের অবদানের কথা আমি কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। একই সাথে কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ যারা নিরলস প্রচেষ্টা, একনিষ্ঠ শ্রম ও অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদন করে সাফল্য ও অগ্রগতিতে অবদান রেখেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। পরিশেষে কোম্পানীর সাফল্যের পরিসীমা উত্তরোত্তর বিস্তৃত হোক এ কামনা করছি।

  
(ডঃ এম, ইসমাইল)





**জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যাণ্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ**  
**Jalalabad Gas Transmission and Distribution System Ltd.**  
 (পেট্রোবাংলার একটি কোম্পানী)

সূত্র নং ৪২.৮১.০১

তারিখঃ ০১-১২-১৪০৭বাং  
 ১৫-০৩-২০০১ইং

**১৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি**

এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাইতেছে যে, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যাণ্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর ১৪তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৯শে মার্চ, ২০০১ মোতাবেক ১৫ই চৈত্র, ১৪০৭ রোজ বৃহস্পতিবার সন্ধ্যা ০৬.৩০ মিনিটে পেট্রোবাংলার বোর্ড রুম, পেট্রোসেন্টার, ৩, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকায় অনুষ্ঠিত হইবে।

সভার আলোচ্য সূচী :

- ০১। ২৯-১১-১৪০৬/১২-০৩-২০০০ তারিখে অনুষ্ঠিত কোম্পানীর ১৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
- ০২। ১২ই মার্চ, ২০০০ তারিখে অনুষ্ঠিত জালালাবাদ গ্যাসের ১৩তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।
- ০৩। ১৯৯৯-২০০০ অর্থ বৎসরের পরিচালক পর্যদের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন।
- ০৪। ১৯৯৯-২০০০ অর্থ বৎসরের কোম্পানীর নিরীক্ষিত স্থিতিপত্র, লাভ-লোকসান হিসাব ও নিরীক্ষকগণের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ০৫। ২০০০-২০০১ অর্থ বৎসরের কোম্পানীর হিসাব নিরীক্ষা ও ট্যাক্স অডিটের জন্য বহিঃ নিরীক্ষক নিয়োগ এবং তাহাদের পারিশ্রমিক নির্ধারণ।
- ০৬। কোম্পানীর পরিচালক নিয়োগ।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সভায় আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি বিবেচনা ও সম্পাদন, যদি থাকে।

সম্মানিত শেয়ারহোল্ডারগণ ও পরিচালকবৃন্দকে উক্ত সভায় উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইল। ব্যক্তিগতভাবে কোন শেয়ারহোল্ডার উক্ত সভায় উপস্থিত হইতে অপারগ হইলে সংযুক্ত প্রক্সি ফর্মে তাঁহার পক্ষ হইতে প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধ করা যাইতেছে।

পরিচালক পর্যদের নির্দেশক্রমে



মোঃ নজমুল ইসলাম  
কোম্পানী সচিব

শেয়ারহোল্ডারবৃন্দ :

- ০১। জনাব মোঃ মোশারফ হোসেন, চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
- ০২। লেঃ কর্নেল (অবঃ) এ, এস, এম, অলিউল্লাহ, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৩। জনাব সৈয়দ আনোয়ারুল হক পরিচালক (খনি ও খনিজ), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৪। জনাব এস, আর, ওসমানী, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৫। জনাব তাহের উদ্দিন আখঞ্জি, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৬। জনাব মোঃ ইমদাদুল হক, সচিব, পেট্রোবাংলা, ঢাকা।
- ০৭। মেজর (অবঃ) সৈয়দ আবু সাদেক, ঊর্ধ্বতন মহাব্যবস্থাপক (পরিকল্পনা পরিদপ্তর), পেট্রোবাংলা, ঢাকা।

পরিচালক পর্যদ :

- ০১। জনাব মোঃ মোশারফ হোসেন, চেয়ারম্যান, জেজিটি এ্যাণ্ড ডিএসএল পরিচালক পর্যদ ও চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
- ০২। লেঃ কর্নেল (অবঃ) এ, এস, এম, অলিউল্লাহ, পরিচালক জেজিটি এ্যাণ্ড ডিএসএল পরিচালক পর্যদ ও পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৩। জনাব এস, এম, সামছুল ইসলাম, পরিচালক, জেজিটি এ্যাণ্ড ডিএসএল পরিচালক পর্যদ ও সদস্য(উৎপাদন), বিউবো, ঢাকা (অবসরজনিত ছুটি ভোগরত)।
- ০৪। জনাব আ, ত, ম, ফজলুল করিম, পরিচালক, জেজিটি এ্যাণ্ড ডিএসএল পরিচালক পর্যদ ও উপ-সচিব, বিদ্যাৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। জনাব ফারুক আহমেদ চৌধুরী, পরিচালক, জেজিটি এ্যাণ্ড ডিএসএল পরিচালক পর্যদ ও পরিচালক (কারিগরি ও প্রকৌশলী), বিসিআইসি, ঢাকা।
- ০৬। ডঃ এম, ইসমাইল, পরিচালক, জেজিটি এ্যাণ্ড ডিএসএল পরিচালক পর্যদ ও ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস, সিলেট।
- ০৭। প্রকৌশলী মোঃ রায়হানুল আবেদীন, পরিচালক জেজিটি এ্যাণ্ড ডিএসএল পরিচালক পর্যদ ও ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিঃ, সিলেট।
- ০৮। জনাব এম, এ, মুমিন, পরিচালক জেজিটি এ্যাণ্ড ডিএসএল, পরিচালক পর্যদ ও সহ-সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।

অনুলিপি :

- ০১। চেয়ারম্যান, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
- ০২। মহাব্যবস্থাপক (সি, এম, এ), পেট্রোবাংলা, ঢাকা।
- ০৩। মেসার্স হোদা ভাসী চৌধুরী এণ্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, বেঙ্গল শিপিং হাউজ (২য় তলা), ৭৩, আশাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।



## পরিচালক পর্ষদ



মোঃ মোশারফ হোসেন

চেয়ারম্যান  
পেট্রোবাংলা, ঢাকা



লেঃ কর্নেল (অবঃ) এ, এস, এম, অলিউল্লাহ

পরিচালক (পরিকল্পনা)  
পেট্রোবাংলা, ঢাকা



এস, এম, সামছুল ইসলাম

সদস্য (উৎপাদন)  
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা



আ, ত, ম, ফজলুল করিম

উপ-সচিব  
বিজ্ঞাপন মন্ত্রণালয়, ঢাকা



## পরিচালক পর্ষদ



ফারুক আহমেদ চৌধুরী  
পরিচালক (কারিগরী ও প্রকৌশলী)  
বিসিআইসি, ঢাকা



ডঃ এম, ইসমাইল  
ব্যবস্থাপনা পরিচালক  
জালালাবাদ গ্যাস, সিলেট



প্রকৌশলী মোঃ রায়হানুল আবেদীন  
ব্যবস্থাপনা পরিচালক  
এসজিএফএল, সিলেট



এম, এ, মুমিন  
সহ-সভাপতি  
এফবিসিসিআই, ঢাকা





মাননীয় প্রধানমন্ত্রী কোম্পানীর নব-নির্মিত প্রধান অফিস ভবন উদ্বোধন করছেন



কোম্পানীর প্রধান অফিস ভবন চত্বরে গাছের চারা রোপন করছেন মাননীয় প্রধানমন্ত্রী



**জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড-এর  
১৯৯৯-২০০০ অর্থ বৎসরের বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের  
উদ্দেশ্যে পরিচালকমণ্ডলীর প্রতিবেদন**

বিসমিল্লাহির রাহমানির রাহিম,

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম,

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর ১৪তম বার্ষিক সাধারণ সভায় পরিচালক-পর্ষদ ও আমার নিজের পক্ষ থেকে আপনাদের সকলকে স্বাগত জানাই। ১৯৯৯-২০০০ অর্থ বৎসরে কোম্পানীর নিরীক্ষিত স্থিতিপত্র, লাভ-লোকসান হিসাব, নিরীক্ষকের প্রতিবেদন ও অন্যান্য কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ আপনাদের সম্মুখে উপস্থাপন করছি।

পেট্রোবাংলার তত্ত্বাবধানে গ্যাস সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার অবকাঠামোগত উন্নয়ন করত: সিলেট বিভাগে গ্যাস সরবরাহের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তাকরণের লক্ষ্যে ১৯৮৬ সালের ১ ডিসেম্বর কোম্পানী আইনের আওতায় জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড গঠন করা হয়। উল্লেখ্য যে, হযরত শাহজালাল (রহঃ)-এর স্মৃতি বিজড়িত পুণ্যভূমি সিলেট হতেই ৬০-এর দশকে বাংলাদেশে প্রাকৃতিক গ্যাসের প্রথম আবিষ্কার ও বাণিজ্যিক ব্যবহার শুরু হয়।

জালালাবাদ গ্যাস প্রতিষ্ঠালগ্ন হতেই এর আওতাভুক্ত এলাকায় সুষ্ঠু গ্যাস সরবরাহের মাধ্যমে দেশের জ্বালানী আমদানীর উপর নির্ভরশীলতা হ্রাস ও মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ প্রাকৃতিক ভারসাম্য রক্ষার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন ১৯৯৯-২০০০ অর্থ বৎসরে কোম্পানীর উন্নয়নমূলক কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ আপনাদের নিকট উপস্থাপন করছি।

**গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক স্থাপন :**

কোম্পানীর আওতাভুক্ত বড়লেখা ও জুরী এলাকায় গ্যাস সরবরাহের লক্ষ্যে ২৩.৪৫ লক্ষ টাকা ব্যয়ে ২১.২৫ কিঃ মিঃ বিতরণ পাইপলাইন নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে এবং ৬.৬৪ লক্ষ টাকা ব্যয়ে জুরী এলাকায় নিজস্ব জমিতে ডিআরএস নির্মাণের কার্যক্রম শুরু করা হয়েছে। আশা করা যায় মার্চ, ২০০১-এর মধ্যে উক্ত ডিআরএস নির্মাণ সম্পন্ন হলে বড়লেখা ও জুরী এলাকার বিভিন্ন শ্রেণীর গ্রাহককে গ্যাস সরবরাহ করা সম্ভব হবে। এখানে উল্লেখ করা যায় যে, বড়লেখা উপজেলায় ইতিপূর্বে পাইপলাইন স্থাপন করা হলেও ডিআরএস নির্মাণের জন্য প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের বিরুদ্ধে আদালতের নিষেধাজ্ঞা থাকায় গ্যাস সরবরাহ শুরু করা সম্ভব হয়নি। বর্তমানে জুরীতে ডিআরএস নির্মাণ করতঃ উক্ত পাইপলাইন নেটওয়ার্ক সংযুক্ত করা হয়েছে।

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ :**

আপনারা অবগত আছেন যে, জালালাবাদ গ্যাস-এর আওতাভুক্ত এলাকা অত্যন্ত সীমিত হওয়ায় এবং শিল্প ও বাণিজ্যের দিক দিয়ে সম্ভাবনাময় না হওয়ায় নতুন প্রকল্প গ্রহণ বা পাইপলাইন সম্প্রসারণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচী গ্রহণ করা সম্ভব হয়নি। তথাপি গ্যাস বিপণন ও গ্রাহক সেবার দায়িত্বে নিয়োজিত জালালাবাদ গ্যাস ১৯৯৯-২০০০ অর্থ বৎসরে গ্যাস সংযোগ প্রদান ও রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্রে সফলতা অর্জন করেছে।



আলোচ্য অর্থ বৎসরে ১.০১২ কোটি টাকা ব্যয়ে প্রায় ৪৪ কিঃ মিঃ পাইপলাইন স্থাপন করে ৩টি শিল্প, ২টি চা-বাগান, ৫৮টি বাণিজ্যিক, ৪,৮৬৩টি গৃহস্থালী সংযোগ প্রদান করে মোট ৪,৯২৬ জন গ্রাহককে গ্যাস সরবরাহের আওতায় আনা হয়েছে, যা বিগত বছরের তুলনায় ৪.৩২% বেশী। এছাড়া জুন, ২০০০ পর্যন্ত ১৭৪৬.০৪৮ কিঃ মিঃ ট্রান্সমিসন ও বিতরণ পাইপলাইনের মাধ্যমে কোম্পানী সর্বমোট ৬২,২৮২ জন গ্রাহককে ৫৮২.০৯ মিলিয়ন ঘন মিটার গ্যাস সরবরাহ প্রদান করেছে এবং সিস্টেম লস নিয়ন্ত্রণের ক্ষেত্রে প্রশংসনীয় ভূমিকা অব্যাহত রেখেছে।

#### পাইপ লাইন ও ডিআরএস রক্ষণাবেক্ষণ কাজ :

শ্রীমঙ্গল এলাকায় চা বাগানসমূহে গ্যাস সরবরাহ অক্ষুণ্ণ রাখার জন্য ধলই নদীতে স্থাপিত উচ্চচাপ বিশিষ্ট গ্যাস পাইপলাইন প্রবল বর্ষণের ফলে ক্ষতিগ্রস্ত হওয়ায় ৪.১৮ লক্ষ টাকা ব্যয়ে উক্ত ক্ষতিগ্রস্ত পাইপ লাইন পুনঃনির্মাণ করা হয়। এছাড়া কুমারগাঁও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য বিগত ১৯৮৭ সালে স্থাপিত ৬ ইঞ্চি ব্যাসের উচ্চচাপ বিশিষ্ট পাইপ লাইনের বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত অংশের পুনর্বাসন কাজও ২.১২ লক্ষ টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়।

শীত মৌসুমে ঠাণ্ডার ফলে শাহজীবাজার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে স্বাভাবিক গ্যাস প্রবাহ বিঘ্নিত হয়ে থাকে বিধায় প্রয়োজনীয় তাপমাত্রায় গ্যাস সরবরাহের উদ্দেশ্যে সিলেটস্থ কুচাই ডিআরএস থেকে হিট এক্সচেঞ্জার স্থানান্তর পূর্বক প্রায় ৬.৯৮ লক্ষ টাকা ব্যয়ে শাহজীবাজার ডিআরএস-এ স্থাপন করা হয়। ফলে, শীত মৌসুমেও উক্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের চাহিদানুযায়ী গ্যাস সরবরাহ নিশ্চিত করা সম্ভব হয়েছে। গ্যাস নিরাপত্তা বিধিমালা অনুসরণ করে সকল উচ্চচাপ বিশিষ্ট পাইপ লাইন ও নিয়ন্ত্রণ কেন্দ্রসমূহের এনডিটি কাজও আলোচ্য বৎসরে প্রায় ২.০০ লক্ষ টাকা ব্যয়ে সম্পন্ন হয়েছে।

#### পূর্ত নির্মাণ কাজ :

প্রাকৃতিক গ্যাস সারকারখানা ও ৯০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসহ সকল শ্রেণীর গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে কোম্পানীর নিজস্ব ভূমিতে ফেঞ্চগঞ্জ আঞ্চলিক বিতরণ কার্যালয় ভবন নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দেয়। তদনুযায়ী ৪৭.৪৫ লক্ষ টাকা ব্যয়ে ৪,৩৫২ বর্গফুট আয়তন বিশিষ্ট একটি দ্বিতল অফিস ভবন নির্মাণ করা হয় এবং অফিস ভবন ও কর্মচারী কোয়ার্টারসে ১৫.২৪ লক্ষ টাকা ব্যয়ে ২টি সংযোগ সড়ক নির্মাণ করা হয়।

আলোচ্য অর্থ বৎসরে শাহজীবাজার আঞ্চলিক কার্যালয় কোয়ার্টারস্ ও অফিস ভবনে পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ১২.৩৬ লক্ষ টাকা ব্যয়ে গভীর নলকূপ স্থাপন ও পাম্প হাউজ নির্মাণ করা হয়েছে। এছাড়া, কুলাউড়াস্থ জুরী, শ্রীমঙ্গলের রায়নগর ও ফুলছড়াতে যথাক্রমে ৯.৭৮, ১০.০০ এবং ১১.৭০ লক্ষ টাকা ব্যয়ে ভূমি উন্নয়ন কাজও সম্পন্ন করা হয়েছে। শ্রীমঙ্গল ও শাহজীবাজার আঞ্চলিক কার্যালয়ে কর্মচারীদের আবাসন সমস্যা নিরসনকল্পে আলোচ্য অর্থ বৎসরে যথাক্রমে ৭০.২৪ ও ৬৫.৯৬ লক্ষ টাকা ব্যয়ে প্রতিটি ৮০০ বর্গফুট আয়তনের ২ ইউনিট বিশিষ্ট ২টি ৪তল আবাসিক ভবন নির্মাণ কাজ ইতিমধ্যে শুরু হয়েছে এবং আগামী ৩১-১২-২০০১ এর মধ্যে ভবন ২টির নির্মাণ সমাপ্ত হবে বলে আশা করা যায়।



কোম্পানীর ১৩তম বার্ষিক সাধারণ সভা



শ্রীমঙ্গল আঞ্চলিক বিতরণ কার্যালয়ে ৭৯.৯৬ লক্ষ টাকা ব্যয়ে ১,০০০ বর্গফুট আয়তনের ১টি দুই ইউনিট বিশিষ্ট ৪তলা অফিসার্স কোয়ার্টারস নির্মাণাধীন রয়েছে।

অপরদিকে, সিলেটের রায়নগরে কর্মচারীদের জন্য প্রতিটি ৬০০ বর্গফুট আয়তনের ২ ইউনিট বিশিষ্ট ৫তলা একটি ভবন এবং হবিগঞ্জ আঞ্চলিক বিতরণ কার্যালয়ে ৮০০ বর্গফুট আয়তনের ২ ইউনিট বিশিষ্ট ১টি ৪ তলা ভবন নির্মাণাধীন রয়েছে। এ জন্য যথাক্রমে ৬৭.২৮ ও ৬৯.২৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। এতদ্ব্যতীত, শ্রীমঙ্গল, শাহজীবাজার ও সিলেটের রায়নগর এলাকাস্থ নির্মাণাধীন ভবনসমূহের সংযোগ সড়ক নির্মাণ কাজও বাস্তবায়নাধীন রয়েছে।

#### সিস্টেম লস :

গ্যাস সংগঠন ও বিতরণ নীতি অনুযায়ী ২% সিস্টেম লস গ্রহণ যোগ্য বিবেচিত হলেও ১৯৯৯-২০০০ অর্থ বৎসরে দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে সিস্টেম লস ০.৪৩% এ সীমিত রাখা সম্ভব হয়েছে।

#### সংযোগ বিচ্ছিন্নকরণ :

অনাদায়ী গ্যাস বিল আদায় এবং গ্রাহক সৃষ্ট অনিয়মের কারণে গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণের ন্যায় অনাকাঙ্খিত কাজ করা হয়ে থাকে। অনুরূপভাবে, আলোচ্য অর্থ বৎসরে ৯১৬টি আবাসিক, ৩৩টি বাণিজ্যিক, ৪টি শিল্পসহ মোট ৯৫৩টি গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয় এবং বকেয়া পাওনা আদায় সাপেক্ষে ৪৮৯টি গ্রাহককে পুনঃসংযোগ প্রদান করা হয়। উল্লেখ করা যেতে পারে যে, গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনার ফলে গ্রাহক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি রাজস্ব আদায়ও বৃদ্ধি পেয়েছে।

#### জরুরী গ্যাস সার্ভিস :

১৯৯৯-২০০০ অর্থ বৎসরে ১,৫৭৯টি জরুরী কলের বিপরীতে তাৎক্ষণিক সেবা প্রদান পূর্বক গ্যাস সরবরাহ অক্ষুণ্ণ রাখা হয় এবং গ্যাসের অপচয় ও দুর্ঘটনা রোধ করা সম্ভব হয়। লক্ষ্যণীয় যে, গ্যাসের সঠিক ব্যবহার এবং ব্যবহার পূর্ব ও পরবর্তী সতর্কতা অবলম্বনের জন্য বিভিন্ন গণমাধ্যমে প্রচারণার ফলে গ্রাহকবৃন্দ অধিকতর সচেতন হয়েছে। ফলে বিভিন্ন দুর্ঘটনা ও জানমালের ক্ষয়ক্ষতি কম হচ্ছে।



পরিচালক পর্যদ সভা

#### সাংগঠনিক কাঠামো :

কোম্পানীর সম্প্রসারণশীল কর্মকাণ্ডের সঙ্গে সঙ্গতি রেখে সাংগঠনিক কাঠামো সংশোধিত আকারে অনুমোদিত হয়েছে। কোম্পানীর সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অনুমোদিত এ সাংগঠনিক কাঠামোয় ব্যবস্থাপনা পরিচালকের অধীনে ৫টি ডিভিশনে ৩৩৯ জন কর্মকর্তা ও ৫৩৫ জন কর্মচারীর সংস্থান রাখা হয়েছে। অনুমোদিত লোকবলের মধ্যে ১৪ জন মহিলা কর্মকর্তাসহ সর্বমোট ২৪৫ জন কর্মকর্তা ও ১১ জন মহিলা কর্মচারীসহ ৩৪৩ জন কর্মচারী বর্তমানে নিয়োজিত রয়েছে।



### প্রশিক্ষণ কর্মসূচী :

দক্ষ জনশক্তি একটি প্রতিষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও উন্নয়নের জন্য অপরিহার্য। তাই কোম্পানীতে নিয়োজিত জনশক্তির দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে সাম্প্রতিক অগ্রগতি তথা নিজস্ব কর্মকাণ্ডের সাথে তাল মিলিয়ে চলার যোগ্যতা অর্জনের জন্য দেশে বিদেশে প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করা হয়ে থাকে। অনুরূপভাবে আলোচ্য অর্থ বৎসরেও গ্যাস নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণ, এনডিটি, সেইফটি গ্র্যান্ড ইফিসিয়েন্সি, হিসাব ব্যবস্থাপনা, ব্যবস্থাপনা উন্নয়ন, ওয়েলডিং ও শিল্প সম্পর্ক বিষয়ে ১১১ জন কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

### মানব সম্পর্ক উন্নয়ন :

কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সম্পর্ক উন্নয়নকল্পে ও পারস্পরিক সমঝোতা, বিশ্বাস, আনুগত্য বৃদ্ধির লক্ষ্যে কোম্পানীতে ১৯৯৯-২০০০ অর্থ বৎসরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বার্ষিক বনভোজন, শিক্ষাবৃত্তি বিতরণ, মিলাদ মাহফিল ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়াও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, মহান স্বাধীনতা দিবস ও বিজয় দিবস যথাযথ ভাব-গাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপন করা হয়।



বার্ষিক সাধারণ সভা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় জ্বালানী প্রতিমন্ত্রী

### পরিবেশ সংরক্ষণ :

পরিবেশ সংরক্ষণে জাতীয় অঙ্গীকারের সাথে সঙ্গতি রেখে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও পরিবেশ দূষণ রোধকল্পে কোম্পানী পেট্রোবাংলার সংশ্লিষ্ট বিভাগের কাজের সঙ্গে সমন্বয় সাধন করে এবং প্রতি বছরের ন্যায় এবারও আঞ্চলিক কার্যালয়সহ নিজস্ব স্থাপনায় বিভিন্ন প্রজাতির ৫৭৯টি বৃক্ষরোপন করে।

### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এবার কোম্পানীর ভবিষ্যৎ সম্ভাবনা ও অগ্রগতির প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক উল্লেখ করতে চাই যে, জালালাবাদ গ্যাস প্রতিষ্ঠালগ্ন হতে পাইপলাইন স্থাপন, গ্যাস বিপণন এবং রাজস্ব আয়ের ক্ষেত্রে প্রবৃদ্ধি অব্যাহত রেখেছে। ফলে কোম্পানীর গ্যাস বিপণনের পরিমাণ দৈনিক ৭০ এমএমসিএফ-এ দাঁড়িয়েছে।

### গ্রামীণ গ্যাস বিতরণ প্রকল্প :

বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অধীনে ১০৭৫.০৭ লক্ষ টাকা ব্যয়ে কোম্পানীর আওতাভুক্ত বাহুবল, চুনারুঘাট ও বিয়ানীবাজার উপজেলায় গ্যাস বিতরণ নেটওয়ার্ক স্থাপনের জন্য ২৯-০৮-২০০০ তারিখের একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। উক্ত প্রকল্পের পিপি অনুযায়ী জুলাই, ২০০০ থেকে জুন, ২০০২ সাল সমাপ্তি কাল ধরা হয়েছে। এই প্রকল্পে ১৯৭.৭৪ কিলোমিটার বিভিন্ন ব্যাসের পাইপলাইন স্থাপন করা হবে। নির্মিতব্য এই পাইপলাইনের মাধ্যমে ৩,০৯৯টি আবাসিক এবং ৫৮টি বাণিজ্যিক গ্রাহককে সংযোগ প্রদান সম্ভব হবে। উল্লেখ করা যেতে পারে যে, অত্র প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত সমুদয় অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুদান হিসেবে মঞ্জুর করা হয়েছে।



কোম্পানীর গ্যাস বিপণন ও রাজস্ব আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টির লক্ষ্যে তৃতীয় প্রাকৃতিক গ্যাস উন্নয়ন প্রকল্পের অধীনে কৈলাশটিলা-ছাতক ৮ ইঞ্চি ব্যাসের ট্রান্সমিসন পাইপলাইন স্থাপন করে ছাতক অঞ্চলে বর্ধিত গ্যাস সরবরাহ নিশ্চিত করা হয়েছে। সরকারের পরিকল্পনা অনুযায়ী ফেঞ্চুগঞ্জ প্রাকৃতিক গ্যাস সারকারখানা প্রতিস্থাপন করে দৈনিক ১৭০০ মেট্রিক টন ক্ষমতা সম্পন্ন শাহজালাল ফার্টিলাইজার ফ্যাক্টরী স্থাপিত হলে ফেঞ্চুগঞ্জ প্রান্তে গ্যাস বিপণনের পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পাবে। অপরদিকে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিকল্পনা অনুযায়ী ফেঞ্চুগঞ্জ ৯০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের পাশে ১০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন অপর একটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হলে ফেঞ্চুগঞ্জ অঞ্চলে গ্যাস বিপণনের পরিমাণ দৈনিক ১৮ এমএমসিএফ হতে বৃদ্ধি পেয়ে প্রায় ৪৩ এমএমসিএফ এ উন্নীত হবে।



পেট্রোবাংলার মাননীয় চেয়ারম্যান কর্তৃক শিক্ষাবৃত্তি বিতরণ

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড শাহজীবাজার বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা ৬০ মেগাওয়াট বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করায় এ প্রান্তে জালালাবাদ গ্যাস নেটওয়ার্কে স্থাপিত টিবিএস ও সিএমএস-এর পরিবর্তন-পরিবর্ধন কাজ ইতিমধ্যে সম্পন্ন করে বিউবো এর চাহিদা অনুযায়ী বর্ধিত গ্যাস সরবরাহ নিশ্চিত করা হয়েছে। এছাড়া পরিকল্পনা অনুযায়ী শাহজীবাজারে ৬০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হলে এ প্রান্তে গ্যাস বিপণনের পরিমাণ অনেকাংশে বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

ছাতকে একটি সিমেন্ট ফ্যাক্টরী স্থাপনের জন্য ভূমি উন্নয়ন সম্পন্ন করে প্লান্ট স্থাপনের কার্যক্রম শুরু করেছে এবং এই সিমেন্ট কারখানা পরিচালনার জন্য ৩০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন একটি নিজস্ব বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণের পরিকল্পনাও গ্রহণ করেছে। নির্মিতব্য সিমেন্ট কারখানা ও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র পরিচালনার জন্য দৈনিক প্রায় ২৬ এমএমসিএফ গ্যাস ব্যবহৃত হবে এবং ভবিষ্যতে গ্যাস ব্যবহারের এ পরিমাণ দ্বিগুণ হতে পারে। উল্লেখ্য যে, মেসার্স লাফার্জ-সুরমা সিমেন্ট কর্তৃপক্ষের সঙ্গে কোম্পানীর গ্যাস বিক্রয় চুক্তি সম্পাদনের অপেক্ষায় রয়েছে। পরিকল্পনা অনুযায়ী এই সিমেন্ট কারখানায় ২০০২ সালের শেষ নাগাদ গ্যাস ব্যবহার শুরু হবে। এছাড়া ছাতক এলাকায় মেসার্স আকিজ সিমেন্ট ও জালালাবাদ সিমেন্টসহ আরো কয়েকটি সিমেন্ট কারখানা স্থাপনের সম্ভাবনা রয়েছে।

আপনারা জেনে খুশি হবেন যে, কর্মসূচী অনুযায়ী প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্র, সার ও সিমেন্ট কারখানা স্থাপিত হলে অত্র কোম্পানীর গ্যাস বিপণনের পরিমাণ অদূর ভবিষ্যতে ৭০ এমএমসিএফ হতে বৃদ্ধি পেয়ে প্রায় দ্বিগুণ হবে।

#### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আলোচ্য অর্থ বৎসরে গ্যাস বিক্রয়ের লক্ষ্যমাত্রা ৫২৬.৯৩ মিলিয়ন ঘনমিটারের বিপরীতে প্রকৃতপক্ষে ৫৮২.০৯ মিলিয়ন ঘনমিটার বিপণন করা হয়েছে যা লক্ষ্যমাত্রার চেয়ে শতকরা ১০.৪৬ ভাগ বেশী।

১৯৯৯-২০০০ অর্থ বৎসরে কোম্পানী ৫৮২.০৯ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিপণন করে ১৩৭.৭৩ কোটি টাকা এবং অন্যান্য আয় ৯.৩১ কোটি টাকা সহ সর্বমোট ১৪৭.০৩ কোটি টাকা রাজস্ব আয় করে এবং গ্যাস ক্রয় বাবদ ৮৭.৯০ কোটি টাকা সহ কোম্পানী মোট ১৩৯.২৩ কোটি টাকা পরিচালনা বাবদ ব্যয় করে। ১৯৯৮-৯৯ অর্থ বৎসরে রাজস্ব আয় ও পরিচালনা ব্যয় ছিল যথাক্রমে ১৪৬.৪৭ কোটি টাকা ও ১৩৮.৬০ কোটি টাকা।



আলোচ্য অর্থ বৎসরে অব্যাহত প্রচেষ্টার ফলে এনজিএফএফ ও এসপিপিএম-এর পাওনা ব্যতীত সকল শ্রেণীর গ্রাহকের নিকট কোম্পানীর মোট বকেয়া পাওনা ২৫.৯৯ কোটি টাকা যা ২.৯৪ মাসের বিলের সমপরিমাণ। ৩০শে জুন, ২০০০ সাল পর্যন্ত ফেঞ্চুগঞ্জ প্রাকৃতিক গ্যাস সার কারখানা ও সিলেট পাল্প গ্র্যান্ড পেপার মিলের নিকট বকেয়ার পরিমাণ যথাক্রমে ৩০.২৩ এবং ৭.০৯ কোটি টাকা। উক্ত বকেয়া আদায়ের জন্য কোম্পানী পর্যায়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। আমরা জানি যে, কোম্পানীর গ্যাস বিক্রয়ের মোট এক-তৃতীয়াংশ বিসিআইসির এ দু'টি কোম্পানী ক্রয় করে থাকে। কিন্তু কোম্পানী দু'টির নিকট বিপুল পরিমাণ রাজস্ব অনাদায়ী থাকায় জালালাবাদ গ্যাস-এর সামগ্রিক অর্থনৈতিক কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং দাতা সংস্থাসমূহের শর্ত পালন অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। এছাড়া গ্যাসের মূল্য, ডিএসএল, আয়কর ইত্যাদি পরিশোধ বিলম্বিত হচ্ছে। এতদসত্ত্বেও কোম্পানী ১৯৯৯-২০০০ অর্থ বৎসরে কিস্তি ও সুদ হিসাবে ১১.৩০ কোটি টাকা পরিশোধ করে ঋণের শর্ত পালন করেছে।

#### কর পূর্ব মুনাফা :

১৯৯৯-২০০০ অর্থ বৎসরে কোম্পানীর আয়কর পূর্ব মুনাফা ৭.৮০ কোটি টাকা। যা গত অর্থ বৎসরের তুলনায় ০.০৭ কোটি টাকা কম।

#### সরকারী কোষাগারে অবদান :

কোম্পানী ১৯৯৯-২০০০ অর্থ বৎসরে আয়কর ৫.৭৬ কোটি, আমদানী শুল্ক ০.১৭ কোটি, ডিএসএল ১১.৩০ কোটি, ডিভিডেন্ড ৪.০০ কোটি টাকা সহ সর্বমোট ২১.২৩ কোটি টাকা সরকারী কোষাগারে জমা দিয়েছে।

#### রেট অব রিটার্ণ :

আলোচ্য অর্থ বৎসরে রेट অব রিটার্ণের হার শতকরা ২.৯০ ভাগ। গত অর্থ বৎসর এই হার ছিল শতকরা ২.৯৭ ভাগ।

#### ঋণ ও ইকুইটি :

আলোচ্য অর্থ বৎসরে ঋণ ও ইকুইটির পরিমাণ যথাক্রমে ৮৩.১২ কোটি ও ১৬৯.৫৫ কোটি টাকা। তদনুযায়ী ঋণ ও ইকুইটির অনুপাত ৩৩ঃ৬৭। যা বিগত বৎসরে ছিল ৩৪ঃ৬৬।

#### সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

জ্বালানীর উৎস হিসেবে প্রাকৃতিক গ্যাসের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করে আমদানীকৃত জ্বালানীর উপর নির্ভরতা হ্রাসের মাধ্যমে এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে জালালাবাদ গ্যাস উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। অন্যদিকে বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনকারী অন্যতম রপ্তানীপন্য চা প্রক্রিয়াকরণে গ্যাস সরবরাহ করে এ কোম্পানী জাতীয় অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে।

আপনারা জেনে খুশী হবেন যে, জালালাবাদ গ্যাস বিভিন্ন সময়ে যে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করেছে তার অন্তর্ভুক্ত গ্যাস পাইপলাইন এবং চাপ-নিয়ন্ত্রণ কেন্দ্রের ডিজাইন প্রণয়ন এবং নির্মাণ কাজে পরামর্শক নিয়োগ না করে নিজস্ব কারিগরী জনবলের মাধ্যমেই তা সম্পন্ন করেছে।



সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আলোচ্য অর্থ বৎসরে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড যে সফলতা ও সমৃদ্ধি অর্জন করেছে তা কর্মকর্তা-কর্মচারীগণের আন্তরিকতা ও একাত্মতা, পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতার ফলে সম্ভব হয়েছে। তাই পরিচালক পর্ষদের পক্ষ থেকে আমি কোম্পানীর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। জালালাবাদ গ্যাসের সার্বিক কর্মকাণ্ড পরিচালনায় প্রয়োজনীয় উপদেশ, দিক-নির্দেশনা, সাহায্য ও সহযোগিতাদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। একই সঙ্গে কোম্পানীর পরিচালক পর্ষদ, পেট্রোবাংলা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড, সিলেট বিভাগীয় ও জেলা প্রশাসন এবং অন্যান্য সরকারী ও দাতা সংস্থাসমূহকে আমি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।


সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও সুধীমণ্ডলী,

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড-এর বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থেকে উপস্থাপিত প্রতিবেদন ধৈর্য সহকারে শোনার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। পরিচালক পর্ষদের পক্ষে কোম্পানীর ১৯৯৯-২০০০ অর্থ বৎসরের নিরীক্ষিত হিসাব, স্থিতিপত্র, লাভ-লোকসান হিসাব সম্বলিত বার্ষিক প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারগণের সানুগ্রহ অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

সর্ব শক্তিমান আল্লাহতা'য়ালার নিকট জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড-এর উত্তরোত্তর অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করছি।

খোদা হাফেজ।

পরিচালক পর্ষদের পক্ষে,



(মোঃ মোশারফ হোসেন)

চেয়ারম্যান



**Report of the Board of Directors of  
Jalalabad Gas Transmission & Distribution System Limited for the Fiscal  
Year 1999-2000 to the Shareholders at the 14th Annual General Meeting.**

Bismillahir Rahmanir Rahim,

Respected Shareholders,

Assalamu-alaikum,

It is my great pleasure to take this opportunity to welcome you all on behalf of the Board of Directors of Jalalabad Gas Transmission & Distribution System Limited and myself to the 14th Annual General Meeting of the company.

On this auspicious occasion, I feel delighted in presenting before you a brief on the activities of the company together with the audited balance sheet, profit & loss account for the fiscal year 1999-2000 and auditors' report.

Jalalabad Gas Transmission and Distribution System Limited was formed under company's Act from 1st December 1986, after infrastructural development of Gas Transmission and Distribution System for supplying gas to Sylhet region & to help assist socio-economic development. It may be noted that the discovery and commercial use of natural gas started in Bangladesh from this sacred soil of Hazrat Shahjalal (R) in the year 1960.

You are aware of the fact that Jalalabad Gas, since its inception, has been playing an important & vital role in reducing dependence on imported energy, savings of foreign currency and maintenance of ecological balance through supplying gas to the franchise area of the company.

**Respected Shareholders,**

I would like to present before you a brief-account of the development activities of the company for the financial year 1999-2000.

**Construction of Pipeline Network :**

A 21.25 Km long distribution pipeline network has been constructed at a cost of Tk.23.45 lac at Barolekha and Juri areas & work order has also been issued to construct a DRS at a cost of Tk.6.64 lac. Though the pipeline network of Barolekha Upazilla was completed in due time, the supply of gas to the customers was not started as the fabrication of DRS could not be completed in time following an injunction issued by the court against acquisition of the proposed land for the said DRS. The construction of the DRS has however now been completed and the pipeline network is connected with the DRS.



**Respected Shareholders,**

You are cognizant of the fact that large scale programme for expansion of pipeline could not be taken-up as the franchise area of JGTDSL is very limited and also commercially viable customers are not available. In spite of this, the company engaged in gas marketing and customer services has achieved success in increasing gas connections and revenue income during the fiscal year 1999-2000.



*Hon'ble State Minister for Energy Visiting Gas Station at Beanibazar*

During the year under review, the company provided 4,926 gas connections to 03 industrial, 02 tea gardens, 58 commercial & 4,863 domestic, after laying 44 Km of pipeline at a cost of Tk.1.012 crore. The total 4926 gas connections given during the year under review is 4.32% more than the preceding year. In addition to this, the company has sold 582.09 million cubic metre of gas to 62282 customers of different categories through it's 1746.048 Km of transmission and distribution pipelines upto June, 2000 and has also played a praiseworthy role in controlling system loss.

**Maintenance of Pipeline & DRS :**

The high pressure pipeline constructed to supply gas to tea gardens of Sreemangal area was damaged due to incessant rainfall and was subsequently reconstructed at a cost of Tk.4.18 lac. In addition to this, the rehabilitation work of the damaged portion of 6" DN high pressure pipeline for supplying gas to Kumargaon Power Station was completed at a cost of Tk.2.12 lac during the year under review.

A heat exchanger was installed at Shahjibazar DRS at a cost of about Tk.6.98 lacs to maintain normal flow of gas during winter season and to ensure supply of additional quantity of gas to the expanded power plant.

The NDT works of all high pressure pipelines and regulating stations have been completed in compliance to the gas safety rules at a cost of Tk.2.00 lac.

**Civil Construction :**

It was felt necessary to construct Regional Distribution Office at Fenchuganj on its own land to ensure services to all categories of customers including Natural Gas Fertilizer Factory and 90 MW Power Station. Accordingly, a 2 storied office building having a plinth area of 4352 sft has been constructed at a cost of Tk.47.45 lac and approach roads to the office building & to the staff quarters have also been constructed at a cost of Tk.15.24 lac.



A deep tube-well and a pump house have been constructed at a cost of Tk.12.36 lac to facilitate water supply to office & residential buildings at Shahjibazar Regional Distribution Office. In order to provide accommodation facilities to the staff of Sreemangal & Shahjibazar Regional Distribution Offices, the construction of two 4 storied buildings having floor space of 800 sft. has been started and is expected to be completed by this year at a cost of Tk.136.20 lac. The construction of 4 storied each of 2 units officers' quarters having floor space of 1000 sft. at Sreemangal Regional Distribution Office is also going on in full swing.

On the other hand, the construction of one 5 storied building each having 2 units and floor area of 600 sft. and a 4 storied 2 unit building having floor area of 800 sft. for the accommodation of staff is nearing completion at a cost of Tk.136.55 lac. In addition to the above, the construction of approach roads to Sreemangal, Shahjibazar & Roynagar quarters are also under implementation.

#### **System Loss :**

The system loss of the company during the fiscal year 1999-2000 was 0.43% as against the permissible limit of 2% in gas transmission & distribution system.

#### **Disconnection :**

As a part of the company's gas bill collection and to control and discourage irregularities committed by the consumers a

total of 953 gas connections were disconnected during the year which included 916 domestic, 33 commercial, 04 industrial and 489 were reconnected on realisation of due payments. This regular disconnection drive has been instrumental in creating awareness among the consumers and resultant increase in revenue collection as well.

#### **Emergency Gas Service :**

Emergency gas services were provided to 1579 calls to ensure non-occurrence of accidents and uninterrupted supply of gas during the fiscal year 1999-2000. It is notable that emergency calls are gradually increasing due to deteriorations of old connections and concurrent increase of gas connection. A successful campaign run through the press and audio video media by the company to ensure proper use of gas and to avoid accident has been helpful in creating public awareness. As a result, the number of accidents and resultant losses have declined over the years.



*A Rally during Gas safety week - 2000*



**Organogram :**

The organogram of the company has been revised and approved to cater to the expansion activities of the company. Provision has been kept in the organogram to run the activities of the company by the Managing Director through 05 divisions with 339 officers and 535 staff. At present 245 officers, including 14 female officers and 343 staff including 11 female staff are engaged in the company. However revision of the existing organogram will probably be required in light of the recommendations of the MSIP.

**Training :**

Skilled manpower is essential for the smooth management and development of the company. Thus, in order to improve the efficiency of the employees of the company and to keep themselves abreast of the latest development in their respective fields of profession, training and human resource development programmes are arranged at home & abroad.

During this fiscal year similar programmes on gas regulating & maintenance, safety & efficiency, accounts management, management development, welding and industrial relations were arranged by the Company to train 111 officers and staff.



*DRS upgradation works*

**Human Relations :**

Annual sports, picnic, scholarship and certificate awarding ceremony, milad mahfil etc. were organized by the company during the year 1999-2000 to develop fraternal relations and to increase mutual understanding & credibility among the officers and staff. Besides, International Mother Language day, Independence day and Victory day were observed with due enthusiasm and solemnity.

**Environment Protection :**

The company has been co-ordinating with the concerned division of Petrobangla to help maintain ecological balance and prevent environment pollution in view of the national commitment. The company also undertakes tree plantation programmes every year in its different establishments following national plantation programmes and planted 579 Nos. of trees of different kinds during the year.



**Respected Shareholders,**

I would like to draw your kind attention to the fact that Jalalabad Gas has been maintaining a continuous trend of development in construction of pipeline, gas marketing and revenue income from its inception and consequently the gas sales of the company has increased to 70 MMCF per day.

**Rural Gas Distribution Project :**

The Project for the construction of gas distribution network under ADP at Bahubal, Chunarughat and Beanibazar upazilla at a cost of Tk.1075.07 lac was approved by ECNEC on 29-08-2000. As per PP 197.74 Km long pipelines of different categories will be constructed between July, 2000 and June, 2002 and gas connections will be provided to 3,099 domestic, 58 commercial customers through this pipeline network. It would be worth mentioning that the total project amount has been allocated by the Government of The Peoples' Republic of Bangladesh as a grant.

It may be mentioned here that in order to create more opportunity for gas marketing & revenue earning, 8" dia high pressure pipeline from Kailashtilla to Chhatak has been laid under Third Natural Gas Development Project to meet the increased gas demand in that region. The gas sales of the company will be increased in Fenchuganj region if the NGFF is replaced by a 1700 metric ton capacity Shahjalal Fertilizer factory and a new 100 MW power plant is established by the side of the existing power plant as per programme of PDB, the gas sales to Fenchuganj power plant will be increased to 43 MMCF from the present average of 18 MMCF per day.

In view of the programmes taken up by PDB to increase the production capacity of this existing power plant at Shahjibazar to 60 MW, the upgradation works of the relevant TBS & CMS of Jalalabad Gas have already been completed to cater the increased demand of PDB. If another 60 MW power plant is established at Shahjibazar as per programme of PDB the gas sales at this end will be increased in the near future.

Moreover a M/s. Lafarge-Surma Cement Ltd. has completed its land development works to install a cement factory & a 30 MW power plant at Chhatak. It is known that an amount of 26 MMCF of gas will be used per day to run those plants and this quantity may be doubled in future. It may be mentioned here that the gas sales agreement with M/s. Lafarge-Surma Cement Ltd. will be signed very soon and gas supply to the factory may commence from the end of 2002 if the plants are installed as per programme. In addition to that, there is a possibility of establishing a few other cement factories in the Chhatak region along with Akiz Cement and Jalalabad Cement.



You will be glad to know that the gas sales of the company will be increased manifold if the proposed power plant, fertilizer & cement factories are established.

#### **Respected Shareholders :**

During the fiscal year 1999-2000, 582.09 million cubic metre of gas was sold to different categories of customers against the budgetary target of 526.93 million cubic metre, which is 10.46% higher than the target.

It is also my pleasure to inform you that the company has earned a total of Tk.147.03 crores as revenue which included sales revenue of Tk.137.73 crore and other income of Tk.9.31 crore. The operational expenses came to Tk.139.23 crore including Tk.87.90 crore for purchase of gas. The revenue earning and operational cost of 1998-1999 was Tk.146.47 crore and Tk.138.60 crore respectively.

Inspite of ceaseless efforts to realise arrear revenue from all categories of default customers the total arrear of the company during the year was Tk.25.99 crore, which is equivalent to 2.94 month gas bills excepting the dues from NGFF & SPPM. The arrear dues from NGFF & SPPM upto 30th June, 2000 were Tk.30.23 crore and Tk.7.09 crore respectively. You are aware that NGFF & SPPM of BCIC consume about one third of total



*Company's participants in inter-company sports meet 2000*

gas sales of Jalalabad Gas. Non-payment of gas bills by these two companies adversely affect the over all financial activities of the company and also could poise problems in fulfilling the covenants of the donor agencies. Besides, the payment for purchase of gas, DSL, income tax etc. are being delayed. It may be mentioned here that during the year the company has paid Tk.11.30 crore as instalment and interest of loan and thus complied with the covenants of loan.

#### **Pre-tax Profit :**

The Pre-tax profit of the company for the year 1999-2000 stood at Tk.7.80 crore which is lower by Tk.0.07 crore compared to the preceding year.



**Contribution to the Govt. Exchequer :**

The company has contributed a total of Tk.21.23 crore to Govt. exchequer in the year 1999-2000 which included Tk.5.76 crore as income tax, Tk.0.17 crore as import tariff, Tk.4.00 crore as dividend and Tk.11.30 crore as DSL.

**Rate of Return :**

The rate of return of the company during the fiscal year is 2.90% compared to 2.97% on the preceding year.

**Loan & Equity :**

The loan and equity of the company in the year 1999-2000 are Tk.83.12 crore and 169.55 crore respectively. The loan and equity ratio was 33:67 during the year and it was 34:66 during the preceding year.

**Respected Shareholders :**

Jalalabad Gas has been playing an important role in saving foreign currency by ensuring maximum use of gas through reducing dependence on imported energy. On the other hand, Jalalabad Gas has been contributing a lot by supplying gas for processing tea, which is one of the major exportable items of Bangladesh.

You will be glad to know that the company has been implementing development projects and designing & constructing pipelines and regulating stations without engaging consultants.

**Respected Shareholders :**

The prosperity of Jalalabad Gas Transmission & Distribution System Ltd. has been possible due to hardwork, sincerity and integrity of the officers and staff of the company as well as all out co-operation of the Administrative Ministry and Petrobangla. On behalf of the Board of Directors, I would like to convey my heartiest congratulations to the officers and staff of the company for performing their duties and responsibilities towards achieving overall development of the company.

I express my gratitude to all for providing necessary counselling, guidance, assistance and co-operation for the development of the company. The Ministry of Energy & Mineral Resources, Petrobangla, External Relations Division, Planning Commission, National Board of Revenue and the Sylhet Divisional and District Administration also deserve thanks from us. I would also like to take this privilege to thank the Government organisations and concerned donors for providing assistance to the company.




**Distinguished Shareholders :**

Let me thank you once again for your presence at the 14th Annual General Meeting and for giving me a patient hearing. At the same time, I request you to kindly consider and approve the Audited Accounts, Balance Sheet, the Auditors' Report and Directors' Report so placed before you.

Before concluding, I pray to Almighty Allah for the continued progress and prosperity of Jalalabad Gas T & D System Ltd.

May Allah help us all in the days to come.

On behalf of Board of Directors



**(Md. Mosharraf Hossain)**

Chairman



**Hoda Vasi Chowdhury & Co.**  
Chartered Accountants

**AUDITORS' REPORT  
TO THE SHAREHOLDERS OF JALALABAD GAS  
TRANSMISSION AND DISTRIBUTION SYSTEM LIMITED**

We have audited the accompanying Balance Sheet of the Jalalabad Gas Transmission and Distribution System Limited as of 30 June 2000 and the related Income Statement and statement of Fund flow for the year then ended together with notes numbering 1 to 40 annexed thereto. The preparation of these financial statements is the responsibility of the management of the Company. Our responsibility is to express an independent opinion on these financial statements based on our audit.

We conducted our audit in accordance with Bangladesh Standards on Auditing (BSA). Those standards require that we plan and perform the audit to obtain reasonable assurance about whether the financial statements are free of material misstatement. An audit includes examining, on a test basis, evidence supporting the amounts and disclosures in the financial statements. An audit also includes assessing the accounting principles used and significant estimates made by management, as well as evaluating the overall financial statement presentation. We believe that our audit provides a reasonable basis for our opinion.

In our opinion, the financial statements referred to above, prepared in accordance with Bangladesh Accounting Standards (BAS), give a true and fair view of the state of the Company's affairs as of 30 June 2000, and of the results of its operations and its Fund flow for the year then ended and comply with the Companies Act 1994 as modified by the accounting and disclosure policies made applicable to all Petrobangla group companies and other applicable laws and regulations.

**We also report that:**

- a. We have obtained all the information and explanations which to the best of our knowledge and belief were necessary for the purposes of our audit and made due verification thereof.
- b. In our opinion, the company as required by law has kept proper books of account, so far as it appeared from our examination of those books.
- c. The financial statements dealt with by the report are in agreement with the books of account.

Chittagong, 19 March 2001

*Hoda Vasi Chowdhury & Co.*  
**Hoda Vasi Chowdhury & Co.**  
Chartered Accountants



## THE COMPANY & IT'S SIGNIFICANT ACCOUNTING POLICIES YEAR TO 30 JUNE 2000

### 1. Background of the Company

The enterprise is a Public Company Limited by shares registered under Companies Act 1913 on 01 December 1986 and a subsidiary of Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla).

### 2. Business

The Company carries out transmission and distribution of natural gas within the northeast part of Bangladesh, covering the districts of Sylhet, Moulvibazar, Hobigonj and Sunamgonj.

Natural gas is purchased from its associated Companies viz. Sylhet Gas Fields Limited, Bangladesh Gas Fields Company Limited and Titas Gas Transmission and Distribution Company Limited.

### 3. Accounting Convention

